গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
www.dss.barisaldiv.gov.bd

## সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভাগীয় ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ রায়হান কাওছার, বিভাগীয় কমিশনার, বরিশাল।
তারিখ ও সময় : ২৭ মে ২০২৫; সময়: দুপুর ১২:৪৫ ঘটিকা।
সভার স্থান : সম্মেলন কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।

[সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য]

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে কমিটির সদস্য-সচিব পরিচালক (উপসচিব), বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল বিভাগের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি তুলে ধরেন। এরপর নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও দৃঢ়ীকরণ | গত ২৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর উপর উপস্থিত সদস্যবৃন্দের মধ্য হতে কোনো সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | গত ২৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ১.অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল।<br>২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল। |
| ০২. সকল ভাতা কার্যক্রম সংক্রান্ত আলোচনা | কমিটির সদস্য-সচিব সমাজসেবা বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ কিস্তি পর্যন্ত সকল ভাতাভোগীর সংখ্যা উপস্থাপন করেন। ভাতাভোগীদের সংখ্যা নিম্নরুপ:<br>০১. বয়স্ক ভাতা উপকারভোগী ৪,৫৪,৬৭৪ জন<br>০২. বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা উপকারভোগী ২,১৯,৯৫৮ জন<br>০৩. প্রতিবন্ধী ভাতা উপকারভোগী ২,৩১,০২২ জন<br>০৪. অনগ্রসর বিশেষ/বয়স্ক ভাতা উপকারভোগী ৭,৭৫৩ জন<br>০৫. বেদে বিশেষ ভাতা উপকারভোগী ৮৭৪ জন<br>০৬. হিজড়া ভাতা উপকারভোগী ১০৩ জন<br>০৭. প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি উপকারভোগী ৬৫৫২ জন<br>০৮. অনগ্রসর শিক্ষা উপবৃত্তি উপকারভোগী ৩১৩৭ জন<br>০৯. বেদে শিক্ষা উপবৃত্তি উপকারভোগী ৬৮৬ জন<br>১০. হিজড়া শিক্ষা উপবৃত্তি উপকারভোগী ২৯ জন<br>সর্বমোট উপকারভোগীর সংখ্যা **৯,২৪,৭৮৮** জন। | ১. সকল ভাতাভোগীর ভাতা প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুযায়ী সঠিকতা যাচাই বাছাই করে পে-রোল প্রেরণ করতে হবে।<br>২. ভাতা প্রদানের ক্ষেত্রে একজন দায়িত্বশীল কর্মকর্তাকে ইউনিয়ন পর্যায়ে মনিটরিং এর দায়িত্ব দিতে হবে। এছাড়া কোনো ভাতাভোগী যেন হয়রানির স্বীকার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ। |
| ০৩. ভাতার টাকা হ্যাকিং প্রতিরোধ সংক্রান্ত | সভাপতি সদস্য সচিবের কাছে জানতে চান যে, এ বিভাগের কোন জেলায় কোন মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে ভাতার টাকা দেয়া হয়। সদস্যসচিব জানান যে, বরিশাল, ভোলা ও পটুয়াখালী জেলায় নগদ এবং ঝালকাঠি, পিরোজপুর ও বরগুনা জেলায় বিকাশের মাধ্যমে G2P পদ্ধতিতে ভাতার টাকা উপকারভোগীকে প্রদান করা হয়। সদস্য সচিব বলেন যে, ৪র্থ কিস্তির ভাতার টাকা উপকারভোগীর মোবাইল নম্বরে ২/১ দিনের মধ্যে জমা হবে। জমা হবার পরপরই এক বা একাধিক প্রতারক চক্র ওটিপি বা বিকাশ/নগদের পিন সংগ্রহ করার জন্য ভাতাভোগীকে বিভিন্ন পরিচয়ে কল করেন। বিভিন্ন | ভাতার টাকা হ্যাকিং রোধে ভাতাভোগীদেরকে আরও সচেতন করতে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ফিল্ড সুপারভাইজার ও ইউনিয়ন সমাজকর্মীদেরকে নিয়মিত ভাতাভোগীদের দোরগোড়ায় গিয়ে সচেতন করতে বলা হয়। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| | প্রলোভনের ফাঁদে ফেলে অথবা অসহায় মানুষকে ভুল বুঝিয়ে ওটিপি বা বিকাশ/নগদের পিন নিয়ে অ্যাকাউন্টের সম্পূর্ণ নিয়ন্ত্রণ নিয়ে নেয় ও টাকা উত্তোলণ করে ফেলে। বিভাগীয় ও জেলা সমাজসেবা কার্যালয়ের বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রমের জন্য এ প্রতারণা এখন অনেকটা কমে এসেছে। ৪র্থ কিস্তির টাকা জমা হবার আগে বিভাগীয় সমাজসেবা কার্যালয় কর্তৃক "মোবাইল আমার, ভাতা আমার" শীর্ষক সচেতনতামূলক ফেস্টুন প্রস্তুত করে প্রত্যেকটি উপজেলা ও ইউনিয়নে প্রেরণ করা হয়েছে। | | |
| ০৪. ভাতাভোগী বাছাইয়ের ক্ষেত্রে গুম হওয়া ব্যক্তির পরিবার, বৈষম্যবিরোধী আন্দোলনে নিহত ও আহত পরিবারকে অগ্রাধিকার প্রদান | নতুন ভাতাভোগী বাছাই ও প্রতিস্থাপনের ক্ষেত্রে গুম হওয়া ব্যক্তির পরিবার এবং জুলাই ও আগস্টে বৈষম্যবিরোধী আন্দোলনে আহত ও নিহত ব্যক্তির পরিবারকে অগ্রাধিকার ভিত্তিতে ভাতা প্রদান করার জন্য সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে সমাজসেবা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ সুষ্ঠুভাবে যাচাই-বাছাই সম্পন্ন করবেন মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | নতুন ভাতাভোগী বাছাই/প্রতিস্থাপনের ক্ষেত্রে গুম হওয়া ব্যক্তির পরিবার এবং জুলাই - আগস্ট ২০২৪ এর বৈষম্যবিরোধী আন্দোলনে আহত ও নিহত ব্যক্তির পরিবারকে অগ্রাধিকার ভিত্তিতে ভাতা প্রদান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ। |
| ০৫. ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে সঠিকতা যাচাই ও স্বচ্ছতা নিশ্চিতকরণ | ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে প্রকৃত দরিদ্র ব্যক্তি বাছাই করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতাভোগী বাছাইয়ের ক্ষেত্রে তাদের পুন:বিবাহ আছে কিনা তা খোঁজখবর নেয়ার জন্য ফিল্ড সুপারভাইজার ও ইউনিয়ন সমাজকর্মীদের আরও পেশাদারিত্ব ভূমিকা পালন করার জন্য সভায় আলোচনা করা হয়। এছাড়া সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে দ্বৈততা পরিহারের বিষয়টি নিয়েও আলোচনা হয়। | ১. বিদ্যমান ভাতা বিতরণ নীতিমালা অনুযায়ী দুস্থ ও দরিদ্র ব্যক্তিকে বাছাই করে ভাতা প্রদান করতে হবে।<br>২. বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতাভোগী বাছাইয়ের ক্ষেত্রে তাদের পুন:বিবাহ সংক্রান্তে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন গ্রহণ সাপেক্ষে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে।<br>৩. সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সরকার কর্তৃক প্রদেয় সুবিধার দ্বৈততা পরিহারের জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। সকল ভাতা কার্যক্রমের খোজঁখবর নেয়ার জন্য ফিল্ড সুপারভাইজার ও ইউনিয়ন সমাজকর্মীদের আরও পেশাদারিত্ব ভূমিকা পালন করতে হবে। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ। |
| ০৬. একই পরিবারে একাধিক ব্যক্তিকে ভাতা প্রদান থেকে বিরত থাকা | সভাপতি জানান, কখনো কখনো একই পরিবারে একাধিক ব্যক্তি ভাতা গ্রহণ করে থাকে। ফলে অন্যান্য পরিবার সরকারি সুবিধা থেকে বঞ্চিত হয়। একই পরিবারে একাধিক ব্যক্তিকে ভাতা প্রদান থেকে বিরত রাখার জন্য আলোচনা করা হয়। একই পরিবারের কেউ যেন বিভিন্ন ভাতা সুবিধা গ্রহণ করতে না পারে সে লক্ষ্যে জোড় সতর্ক থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১. নতুন ভাতাভোগী বাছাইয়ের ক্ষেত্রে একই পরিবারের একাধিক ব্যক্তি যাতে অন্তর্ভুক্ত না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে।<br>২. ভাতা গ্রহণের ক্ষেত্রে সরকারি সুবিধা ও সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় যাতে একাধিক সংখ্যক দরিদ্র পরিবার অন্তর্ভুক্ত হতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ। |
| ০৭. ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় রোগে আক্রান্ত রোগীদের আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত | ১. কমিটির সদস্য-সচিব ২০২৪-২৫ অর্থবছরের ৩য় কিস্তি পর্যন্ত ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় রোগে আক্রান্ত রোগীদের আর্থিক অনুদান প্রদানের নিম্নরুপ বিবরণ উপস্থাপন করেন: এ বিভাগের সকল জেলা ২য় কিস্তি পর্যন্ত অর্থ ব্যয় করেছেন। সকল জেলাতেই ৩য় কিস্তির অর্থ জমা হয়েছে। ঝালকাঠি ও পিরোজপুর জেলা সভা সম্পন্ন করে ৩য় কিস্তির উপকারভোগী বাছাই সম্পন্ন করেছেন। খুব শীঘ্রই ইএফটির মাধ্যমে নির্বাচিত রোগীদের ব্যাংক হিসাবে অনুদানের টাকা পৌছে যাবে। এ সপ্তাহের মধ্যেই ৪র্থ কিস্তির অর্থ | ১. বিগত কিস্তিতে ভোলা ও বরগুনা জেলা ইএফটির মাধ্যমে টাকা প্রদান করেননি, কিন্তু ৩য় ও ৪র্থ কিস্তিতে তাদেরকে অবশ্যই ইএফটির মাধ্যমে টাকা প্রদান করতে বলা হয়। | ১. জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ।<br>২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| | উপপরিচালকদের ব্যাংক হিসাবে জমা হবার সাথে সাথেই বরিশাল, পটুয়াখালী, বরগুনা ও ভোলা জেলা একসাথে ৩য় ও ৪র্থ কিস্তির টাকা এবং ঝালকাঠি ও পিরোজপুর জেলা ৪র্থ কিস্তির টাকা নীতিমালা মোতাবেক ব্যয় করবেন।<br>২. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সংরক্ষিত ২৫% বরাদ্দের টাকা হতে বিভিন্ন মেডিকেল কলেজের রোগীদের অনুদান প্রদানের একটি প্রক্রিয়া মন্ত্রণালয় কর্তৃক গৃহীত হয়েছে। সে মোতাবেক বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ১০০ জন রোগীর বরাদ্দের চাহিদা প্রস্তাব পরিচালক, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল কর্তৃক সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ও আবেদন প্রক্রিয়া চলমান রয়েছে। | | |
| ০৮. ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানা সংক্রান্ত | সদস্য-সচিব জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের ২০০০/- হারে ১ম কিস্তিতে ৪৯৭টি এতিমখানায় ১৪,৭৫৮ জনের বরাদ্দ পাওয়া গিয়েছে যা ছাড় করা হয়েছে এবং ২য় কিস্তিতে ৫০১ টি এতিমখানায় ১৪,৯২২ জনের বরাদ্দ পাওয়া গিয়েছে যা এখনও উপজেলা পর্যায়ে আইবাস++ এ জমা হয়নি। জমা হওয়ার সাথে সাথে এতিমখানা কর্তৃক বিল দাখিল করা সাপেক্ষে নীতিমালা মোতাবেক অর্থ ছাড় করা হবে। | উপপরিচালক ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারগণকে এতিমখানা পরিদর্শন করে নীতিমালা মোতাবেক অর্থ ছাড় করতে বলা হয়। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
(মোঃ রায়হান কাওছার)
বিভাগীয় কমিশনার
বরিশাল।

স্মারক নং- ৪১.২১.০০০০.০০০.০৬.১৩৭.১৯-৩১৪

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
০৪. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল।
০৫. জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ।
০৬. জেনারেল ম্যানেজার, বাংলাদেশ ব্যাংক, বরিশাল।
০৭. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বরিশাল।

০৮. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।
০৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ।
১০. অফিস কপি।

Islam
২৭/৫/২৫


(শাহ মো: রফিকুল ইসলাম)
পরিচালক (উপসচিব)
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
মোবাইল নং- ০১৮১৪৭১৫২৫২